

প্রাথমিক হস্তক্ষেপের পদক্ষেপসমূহ

প্রাথমিক হস্তক্ষেপ কর্মসূচি এ প্যারেন্টের মৌলিক নির্দেশিকা



Early Intervention Program
(প্রাথমিক হস্তক্ষেপ কর্মসূচি)

বা স্বাস্থ্য বিভাগের একটি কর্মসূচি

সূচিপত্র


- 1 প্রাথমিক হস্তক্ষেপ কর্মসূচি এ স্বাগত
- 2 রেফার করা: প্রথম পদক্ষেপ
- 3 আপনার প্রাথমিক সেবা সমন্বয়ক
- 5 আপনার সন্তানের মূল্যায়ন
- 6 পরিবারের মূল্যায়ন
- 7 আপনার ইনডিভিজুয়লাইজড ফ্যামিলি সার্ভিস প্লান
- 9 প্রাকৃতিক পরিবেশ
- 10 আপনার চলমান সেবা সমন্বয়ক
- 11 স্বাস্থ্য বীমা সংক্রান্ত তথ্য
- 13 স্থানান্তর: আপনার সন্তানের পরবর্তী পদক্ষেপসমূহ
- 15 একজন প্যারেন্ট হিসেবে আপনার অধিকার
- 17 Early Intervention Program এর যোগাযোগের তথ্য
- 18 “প্রাথমিক হস্তক্ষেপের পদক্ষেপসমূহ” চার্ট
- 19 নমুনা চিঠিপত্র

এই প্যারেন্ট নির্দেশিকায় ব্যবহৃত সাধারণ শব্দসংক্ষেপগুলি

EI	Early Intervention (প্রাথমিক হস্তক্ষেপ)
EIO	Early Intervention Official (প্রাথমিক হস্তক্ষেপ কর্মকর্তা)
EIP	Early Intervention Program (প্রাথমিক হস্তক্ষেপ কর্মসূচি)
IFSP	Individualized Family Service Plan (ইনডিভিজুয়লাইজড ফ্যামিলি সার্ভিস প্লান)
ISC	Initial Service Coordinator (প্রাথমিক সেবা সমন্বয়ক)
MDE	Multidisciplinary Evaluation (মাল্টি-ডিসিপ্লিনারি মূল্যায়ন)
NYS	New York State (নিউ ইয়র্ক স্টেট)
OSC	Ongoing Service Coordinator (চলমান সেবা সমন্বয়ক)

প্রাথমিক হস্তক্ষেপের পদক্ষেপসমূহ: প্রাথমিক হস্তক্ষেপ কর্মসূচি এ প্যারেন্টের মৌলিক নির্দেশিকা একটি অনলাইন প্রকাশনা যেটি প্রাথমিক হস্তক্ষেপ কর্মসূচি সম্পর্কে আরও বিস্তারিত তথ্য প্রদান করে। এই পুস্তিকার অন্তর্ভুক্ত সামগ্রীর মধ্যে রয়েছে একজন কার্যকর প্যারেন্ট সহায়ক হওয়ার জন্য পরামর্শ, গুরুত্বপূর্ণ মূল্যায়ন তথ্যের জন্য একটি নজরতালিকা এবং পিতামাতা তাদের যথাযথ প্রক্রিয়ার অধিকার আদায়ের জন্য সাহায্য করতে নমুনা চিঠিপত্র। এই পুস্তিকাটি পাওয়া যাবে এখানে: www.nyhealth.gov/publications/0532/index.htm

প্রাথমিক হস্তক্ষেপ কর্মসূচি এ স্বাগত




নিউ ইয়র্ক স্টেট প্রাথমিক হস্তক্ষেপ কর্মসূচি (EIP) হলো দেশব্যাপী EIP এর অংশ। এটি তিন বছরের কম বয়সী নবজাতক ও টডলারের জন্য যারা মানসিক বিকাশগত বিলম্ব বা প্রতিবন্ধীত্বের কারণে অন্য শিশুদের মতো অগ্রগতি লাভ করছে না। প্রতিবন্ধীত্ব অর্থ হলো একটি শিশুর একটি নির্ণীত শারীরিক বা মানসিক সমস্যা যা বিকাশগত সমস্যা সৃষ্টি করতে পারে। এর মধ্যে কয়েকটি হলো অটিজম, ডাউন সিনড্রোম, পেশী সঞ্চালন সমস্যা বা দৃষ্টি ও শ্রবণ সমস্যা। বিকাশগত বিলম্ব অর্থ একটি শিশু বিকাশের কিছু কিছু ক্ষেত্রে পিছিয়ে আছে, যেমন বৃদ্ধি, শিখন ও চিন্তন বা যোগাযোগ।

প্রথম পদক্ষেপ হলো আপনি যে কাউন্টিতে বসবাস করেন সেখানকার EIP তে আপনার সন্তানকে রেফার করা। নিউ ইয়র্ক স্টেটের (NYS) সব কাউন্টি এবং নিউ ইয়র্ক সিটির একটি EIP রয়েছে। যে সকল শিশুর পরিষেবা প্রয়োজন তাদেরকে প্রথমে অবশ্যই EIP তে রেফার করতে হবে। পিতামাতা তাদের নিজেদের সন্তানকে EIP তে রেফার করতে পারবেন যদি তাদের সন্তানের বিকাশের ব্যাপারে তাদের কোনো উদ্বেগ থেকে থাকে। NYS তে, যদি একটি বিকাশগত সমস্যার ব্যাপারে সন্দেহ করা হয় তাহলে EIP তে শিশুদের রেফার করার জন্য কিছু প্রফেশনালের প্রয়োজন হয়। রেফার করার পরে, আপনার সন্তানকে যোগ্য প্রফেশনালদের মাধ্যমে মূল্যায়ন করা হবে। আপনার সন্তানকে পরিষেবা গ্রহণের জন্য উপযুক্ত হিসেবে পাওয়া গেলে আপনার কাউন্টির EIP বা নিউ ইয়র্ক সিটির EIP আপনাকে পরিষেবা পেতে সাহায্য করবে। প্রাথমিক হস্তক্ষেপ পরিষেবার মূল্য পরিশোধে ব্যক্তিগত বীমা এবং মেডিকেলিড সহ স্বাস্থ্য বীমা ব্যবহার করা যেতে পারে। আপনাকে বিনা খরচে EIP পরিষেবা প্রদান করতে হবে এবং এটি আপনার বীমার আওতাকে প্রভাবিত করবে না।

প্রাথমিক হস্তক্ষেপ (EI) পরিষেবা আপনাকে ও আপনার পরিবারকে সাহায্য করতে পারবে:

- আপনার সন্তানের পরিচর্যার জন্য সবচেয়ে ভালো উপায় সম্পর্কে জানতে;
- আপনার সন্তানের বিকাশে সহায়তা ও সংবর্ধিত করতে; এবং
- আপনার সন্তানকে পারিবারিক ও সাম্প্রদায়িক কার্যক্রমে অন্তর্ভুক্ত করতে।



আপনার সন্তান সাধারণত যে কমিউনিটিতে দিন কাটায় সেখানকার যেকোনো জায়গায় প্রাথমিক হস্তক্ষেপ পরিষেবা প্রদান করা যেতে পারে, যেমন:

- আপনার বাসা;
- চাইল্ড কেয়ার সেন্টার বা ফ্যামিলি ডে কেয়ার হোম যেখানে আপনার সন্তান যায়;
- কমিউনিটি/বিনোদন কেন্দ্র, খেলার দল, খেলার মাঠ, লাইব্রেরি বা যেকোনো জায়গা যেখানে পিতামাতা ও শিশু সন্তানরা মজা ও সহায়তা করার জন্য যায়; এবং
- প্রাথমিক শৈশব কর্মসূচি ও কেন্দ্রসমূহ যেমন আর্লি হেড স্টার্ট।



রেফার করা: প্রথম পদক্ষেপ

প্রফেশনালগণ যেমন ডাক্তারগণ আপনার নবজাতক বা টডলারকে EIP তে রেফার করতে পারেন যখন আপনার সন্তানের বিকাশের ব্যাপারে কোনো উদ্বেগ থাকে, যদি না আপনি আপত্তি জানান। আপনার যদি একটি উদ্বেগ থাকে, তাহলে আপনি যে কাউন্টিতে বসবাস করেন সেখানকার EIP তে আপনিও রেফার করতে পারবেন। কাউন্টিতে যোগাযোগের তথ্য অনলাইনে পাওয়া যাবে এখানে: www.health.ny.gov/community/infants_children/early_intervention/county_eip.htm

অথবা আপনি কল করতে পারেন “গ্রোয়িং আপ হেলদি” তে 24-ঘণ্টা, তাদের হটলাইন **1-800-522-5006**; নিউ ইয়র্ক সিটিতে ডায়াল করুন **311** এ। আপনি আপনার ডাক্তারের সাথে বা আপনার বিশ্বস্ত কারো সাথে কথা বলতে পারেন এবং রেফার করার ব্যাপারে তাকে সাহায্য করতে বলতে পারেন। রেফার করার প্রক্রিয়া আপনাকে EIP সম্পর্কে জানতে সাহায্য করবে। এই EIP আপনার ও আপনার সন্তানের জন্য প্রযোজ্য হবে কিনা সে ব্যাপারে আপনাকে অবশ্যই সিদ্ধান্ত নিতে হবে। এই কর্মসূচির জন্য আপনার সন্তানকে মূল্যায়ন করা এবং পরিষেবা গ্রহণের পূর্বে, আপনাকে অবশ্যই আপনার লিখিত অনুমতি প্রদান করতে হবে।



আপনার প্রাথমিক সেবা সমন্বয়ক



EIP তে আপনি প্রথম যেসব ব্যক্তির সাথে সাক্ষাৎ করবেন তাদের মধ্যে একজন হলেন আপনার প্রাথমিক সেবা সমন্বয়ক (ISC)। আপনার সন্তানের বিকাশের ব্যাপারে আপনার উদ্বিগ্নসমূহ সম্পর্কে আপনার ISC আপনার সাথে কথা বলবেন। তিনি EIP সম্পর্কিত আপনার সব প্রশ্নের উত্তর দেবেন।

এছাড়াও ISC:

- আপনার পরিবারের অধিকারসমূহ পর্যালোচনা করবেন এবং নিশ্চিত করবেন যে আপনি তা বুঝেছেন;
- EIP এর জন্য আপনার সন্তানের মূল্যায়নের ব্যাপারে এবং আপনার সন্তান EIP এর মাধ্যমে পরিষেবা গ্রহণের উপযুক্ত কিনা এই মূল্যায়ন তা কীভাবে নির্ধারণ করবে সে ব্যাপারে আপনার সাথে কথা বলবেন;
- আপনাকে আপনার কাউন্সিল মূল্যায়নকারীদের তালিকা প্রদান করবেন এবং আপনার সন্তান ও পরিবারের চাহিদা পূরণ করবে এমন একজনকে বেছে নিতে সহায়তা করবেন;



- আপনার অনুমতিতে আপনার সন্তানের মূল্যায়নের ব্যবস্থা করতে সহায়তা করবেন;
- আপনার সন্তানের মূল্যায়নের জন্য পরিবহনের প্রয়োজন হলে তার ব্যবস্থা করতে আপনাকে সাহায্য করবেন;
- আপনি চাইলে আপনার সন্তানের মূল্যায়নে অংশগ্রহণ করবেন;
- আপনাকে জানাবেন যে, NYS তে, অবশ্যই আপনার পরিবারের কোনো খরচ ছাড়াই EIP পরিষেবা প্রদান করা হয়। যাইহোক, EIP এর জন্য NYS মূল্য পরিশোধের মধ্যে রয়েছে EIP পরিষেবার মূল্য পরিশোধের জন্য সরকারি বীমা (যেমন মেডিকেরিড এবং চাইল্ড হেলথ প্লাস) এবং বেসরকারি বীমা (যেমন ইউনাইটেড হেলথকেয়ার এবং অন্যান্য) এর ব্যবহার;
- সরকারি ও বেসরকারি বীমা সহ আপনার সন্তানের বীমা আওতার ব্যাপারে তথ্য ও কাগজপত্র সংগ্রহ করবেন। এই তথ্যের মধ্যে অন্তর্ভুক্ত আছে: বীমা পলিসি বা স্বাস্থ্য সুবিধা প্লানের ধরন, বীমাকারী বা প্লান প্রশাসকের নাম, পলিসি বা প্লানের পরিচিত নম্বর, পলিসিতে আওতার ধরন এবং আপনার বীমার বিল তৈরি করতে প্রয়োজনীয় অন্যান্য তথ্য; এবং
- আপনার পরিবারের স্বাস্থ্য বীমা সম্পর্কে আপনার অধিকার ও দায়িত্বসমূহ ব্যাখ্যা করবেন এবং পরিবারের বীমা সুবিধার জন্য আইন যে সুরক্ষা প্রদান করে সে সম্পর্কে আপনার প্রশ্নের উত্তর প্রদান করবেন।

যদি আপনার সন্তানের মূল্যায়ন প্রদর্শন করে যে সে EIP এর জন্য উপযুক্ত তবে আপনার ISC:

- EIP সম্পর্কে আপনার প্রশ্নের উত্তর দেবেন;
- আপনার ইনডিভিজুয়ালাইজড ফ্যামিলি সার্ভিস প্লান (IFSP) এর উপর কাজ করতে একটি মিটিং ডাকবেন;
- এই মিটিংটি কীভাবে হবে, সেখানে আর কাকে কাকে উপস্থিত থাকতে হবে এবং কাকে কাকে আমন্ত্রণ করা যাবে সে সম্পর্কে বুঝতে আপনাকে সাহায্য করবেন;
- আপনার স্বাস্থ্য বীমা কীভাবে ব্যবহার করা যাবে এবং প্রাথমিক হস্তক্ষেপ পরিষেবা পেতে কীভাবে আপনার কোনো খরচ হবে না সে ব্যাপারে ব্যাখ্যা করবেন;
- যদি আপনার সন্তানের কোনো বীমা না থাকে তবে মেডিকেরিড, চাইল্ড হেলথ প্লাস এবং সোশাল সিকিউরিটি ডিসঅ্যাবিলিটি ইনকাম সহ আপনার



পরিবার যে সুবিধা কর্মসূচির উপযুক্ত তা শনাক্ত করতে ও আবেদন করতে আপনাকে সহায়তা করার জন্য ISC দায়বদ্ধ, তবে EIP পরিষেবা প্রদান করার জন্য আপনাকে নথিভুক্ত হতে হবে না;

- আপনার পরিবারের বেসরকারি বীমা আওতার অবস্থা এবং মেডিকেইডের অবস্থা সম্পর্কে তথ্য পাবেন;
- আসন্ন যেকোনো সমস্যা সমাধানে আপনাকে সাহায্য করবেন – যেমন আপনার ও আপনার সন্তানের যে পরিষেবা দরকার তাতে অসম্মতি;
- বিকাশগত প্রতিবন্ধী লোকদের NYS অফিস (NYS Office for People with Developmental Disabilities, OPWDD) যোগ্যতা এবং উপলব্ধ কর্মসূচি ও পরিষেবা সহ আপনার পরিবারকে সাহায্য করতে পারে এমন অন্যান্য কর্মসূচি ও পরিষেবা সম্পর্কে আপনাকে তথ্য প্রদান করবেন;
- OPWDD এর আওতাভুক্ত কর্মসূচি ও পরিষেবার

জন্য আপনার সন্তান সম্ভাব্য উপযুক্ত কিনা সে ব্যাপারে আপনার ও আপনার সন্তানের মূল্যায়নকারীর সাথে কথা বলবেন; এবং

- আপনার সম্মতিতে, OPWDD এর যথাযথ যোগাযোগকারী ব্যক্তিকে OPWDD এর কর্মসূচি ও পরিষেবার জন্য আপনার সন্তানের উপযুক্ততার কথা জানাবেন। আপনি যদি আগ্রহী হন, তবে OPWDD তে রেফার করার জন্য আপনার সেবা সমন্বয়ক আপনাকে সাহায্য করবেন।

যদি মূল্যায়ন প্রদর্শন করে যে আপনার সন্তান EIP এর জন্য উপযুক্ত নয় তাহলে আপনার ISC অন্য যে পরিষেবা উপকারে আসতে পারে সে সম্পর্কে আপনাকে জানাবেন। আপনি যদি মূল্যায়নের ফলাফলের ব্যাপারে অসম্মত হন তবে আপনি সিদ্ধান্তটির ব্যাপারে আপিল করতে পারবেন। আপনার বিকল্পগুলি দেখতে আপনি “প্রাথমিক হস্তক্ষেপ কর্মসূচি এ একজন প্যারেন্ট হিসেবে আপনার অধিকারগুলি” পরিচ্ছেদ পর্যালোচনা করতে পারেন, আপনি যদি মূল্যায়নের ফলাফলের ব্যাপারে অসম্মত হন।





আপনার সন্তানের মূল্যায়ন

আপনি যদি সিদ্ধান্ত নেন যে EIP আপনার সন্তান এবং আপনার পরিবারের সাহায্যে আসবে তবে এর পরের পদক্ষেপ হলো আপনার সন্তানকে মূল্যায়ন করা। এই মূল্যায়নকে বলা হয় মাল্টি-ডিসিপ্লিনারি মূল্যায়ন

MDE। “মাল্টিডিসিপ্লিনারি” অর্থ হলো বিভিন্ন বিভাগ বা পেশার যোগ্য প্রফেশনালগণের একটি দল আপনার সন্তানের মূল্যায়নের অংশগ্রহণ করবেন। কিছু নির্ণীত অবস্থার শিশু স্বয়ংক্রিয়ভাবে EIP এর জন্য উপযুক্ত হয়। এই শিশুদের জন্য, MDE এর উদ্দেশ্য হলো আপনার সন্তানের শক্তি, চাহিদা এবং বিকাশের সব ক্ষেত্রে কার্যকারিতার বর্তমান স্তর সম্পর্কে যাচাই করা। IFSP এর উন্নয়নে সহায়তা করার জন্য বিকাশের পাঁচটি ক্ষেত্র যেগুলো খতিয়ে দেখা হবে: জ্ঞানীয় (শিখন ও চিন্তন), শারীরিক (বৃদ্ধি, দৃষ্টি ও শ্রবণ, স্থূল ও সুস্বল্প পেশী সঞ্চালন সক্ষমতা), যোগাযোগ (শব্দ বোঝা ও ব্যবহার করা), মনো-সামাজিক (অন্যদের সাথে সম্পর্ক স্থাপন) এবং অভিযোজনীয় (আত্ম-সহায়তা দক্ষতা যেমন খাওয়া)। যদি বিকাশগত বিলম্ব হয়েছে বলে সন্দেহ করা হয়, তবে আপনার সন্তান EI পরিষেবা ও সহায়তার জন্য উপযুক্ত কিনা তা নির্ধারণের জন্য আপনার সন্তানকে মূল্যায়ন করা হবে।

New York State Department of Health (নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ) অনুমোদিত মূল্যায়নকারীদের একটি তালিকা থেকে মূল্যায়নের সব বিকল্প নিয়ে আপনার সাথে আপনার ISC আলোচনা করার জন্য দায়বদ্ধ। এর মধ্যে অন্তর্ভুক্ত আছে আপনার সন্তানের চাহিদা অনুযায়ী কোন মূল্যায়নকারী সবচেয়ে ভালো হবে সে ব্যাপারে সিদ্ধান্ত নিতে আপনাকে সাহায্য করা, মূল্যায়নকারীর অবস্থান, কী ধরনের মূল্যায়ন সম্পাদন করা হবে সে ব্যাপারে জানানো এবং মূল্যায়নের ব্যবস্থা করা (বাসায় বা মূল্যায়ন সংস্থায়)।

আপনি একজন মূল্যায়নকারীকে বেছে নেওয়ার পর, আপনি বা আপনার ISC, আপনার অনুমতিতে, মূল্যায়নকারীকে কল করবেন এবং আপনার সন্তানের মূল্যায়নের জন্য একটি অ্যাপয়েন্টমেন্ট ঠিক করবেন। মূল্যায়ন সংঘটিত হওয়ার পূর্বে আপনাকে অবশ্যই লিখিত সম্মতি জানাতে হবে। বাসায় যে ভাষায় কথা বলা হয় তা সহ মূল্যায়ন প্রক্রিয়া অবশ্যই আপনার সন্তান ও পরিবারের সাংস্কৃতিক পটভূমির প্রতি প্রতিক্রিয়াশীল।

আপনার সন্তানের MDE এর মধ্যে থাকবে:

- একটি স্বাস্থ্য মূল্যায়ন, দৃষ্টি ও শ্রবণ পরীক্ষা সহ। আপনার সন্তানের স্বাস্থ্য মূল্যায়ন আপনার সন্তানের স্বাস্থ্যসেবা প্রদানকারী কর্তৃক সুবিধামতো সময়ে সম্পন্ন করা উচিত। সম্মতি আপনার সন্তানের চেকআপ করা হলে, নতুনভাবে চেকআপ করার দরকার নাও হতে পারে;
- আপনার সম্মতিতে, আপনার সন্তানের পূর্ববর্তী যেকোনো রেকর্ডের পর্যালোচনা যা উপকারে আসতে পারে;
- বিকাশের প্রতিটি ক্ষেত্রে (শারীরিক, জ্ঞানীয়, যোগাযোগ, মনো-সামাজিক এবং অভিযোজনীয়) আপনার সন্তানের শক্তি ও চাহিদার মূল্যায়ন;
- আপনার সন্তানের বিকাশ এবং আপনার সন্তান কী পছন্দ করে সে বিষয়ে আপনার উদ্বেগ সম্পর্কে আপনার সাথে একটি সাক্ষাৎকার; এবং
- যদি EI পরিষেবা বাসার বাইরে কোথাও হয় তবে আপনার সন্তানের স্থানান্তর সম্পর্কে একটি আলোচনা।

EIP এর জন্য আপনার সন্তানের যোগ্যতা নির্ধারণের জন্য MDE এর ফলাফল ব্যবহৃত হবে। আপনার ও মূল্যায়ন দল সাক্ষাৎ করবেন এবং আপনার সন্তানের বিকাশের অগ্রগতি সম্পর্কে সব তথ্য পর্যালোচনা করবেন। আপনার সন্তান বিকাশগত বিলম্ব, বা নির্ণীত শারীরিক বা মানসিক অবস্থা থাকায় EIP এর মানদণ্ড পূরণ করেছে কিনা এবং EIP এর জন্য উপযুক্ত কিনা সে ব্যাপারে মূল্যায়ন দল আপনার সাথে কথা বলবে।





পরিবারের মূল্যায়ন

আপনার সন্তানের MDE এর অংশ হিসেবে, আপনাকে পরিবারের একটি ঐচ্ছিক মূল্যায়নে অংশ নেওয়ার সুযোগ প্রদান করা হবে; এটি আবশ্যিক নয়। পরিবারের মূল্যায়ন হলো পরিবার নির্দেশিত এবং আপনাকে আপনার সন্তানের বিকাশের পরিচর্যা এবং বৃদ্ধি সম্পর্কে আপনার পরিবারের সম্পদ, অগ্রাধিকার এবং উদ্বেগসমূহ নির্ধারণে আপনাকে সহায়তা করার জন্য ব্যবহৃত; এটি আপনার প্যারেন্টিং দক্ষতার ব্যাপারে কোনো পরীক্ষা নয়। পরিবারের মূল্যায়ন হলো আপনার সন্তানের মূল্যায়ন দলের একজন সদস্যের সাথে একটি ব্যক্তিগত

এক-এক আলোচনায় আপনার ও আপনার পরিবার কর্তৃক প্রদত্ত তথ্য ভিত্তিক। EI পরিষেবা এবং অন্যান্য কমিউনিটি পরিষেবা বা সহায়তা থেকে আপনার সর্বাধিক কী প্রয়োজন সে সম্পর্কে চিন্তা করতে পরিবারের মূল্যায়ন আপনাকে সাহায্য করতে পারবে। এছাড়াও এটি আপনার IFSP মিটিং এর জন্য প্রস্তুত হতে সাহায্য করবে। আপনার প্রদানকৃত সকল তথ্য গোপন রাখা হবে। মূল্যায়ন রিপোর্টে এই মূল্যায়নের কী কী তথ্য অন্তর্ভুক্ত করা হবে এবং আপনার IFSP মিটিং এ কী কী তথ্য আলোচনা করা হবে সে ব্যাপারে আপনি সিদ্ধান্ত নেবেন।



আপনার ইনডিভিজুয়ালাইজড ফ্যামিলি সার্ভিস প্লান



ইনডিভিজুয়ালাইজড ফ্যামিলি সার্ভিস প্লান বা IFSP হলো একটি লিখিত পরিকল্পনা যেটি বিশেষত আপনার, আপনার সন্তান এবং আপনার পরিবারের জন্য পরিকল্পিত হবে যা আপনার সন্তান ও পরিবার যে EI পরিষেবা পাবে তার রূপরেখা ও ব্যাখ্যা প্রদান করবে। যদি MDE দেখায় যে আপনার সন্তান EIP এর জন্য উপযুক্ত, তবে আপনার ISC একটি IFSP মিটিং এর আয়োজন করবেন এবং আপনার IFSP লিখবেন। IFSP একটি খুব গুরুত্বপূর্ণ নথি এবং আপনারা দলের গুরুত্বপূর্ণ সদস্যরা এটি তৈরি করেন। এই পরিকল্পনা সম্পর্কে ভাবতে আপনার যদি অতিরিক্ত সময় লাগে তবে তা চেয়ে নিন। আপনি পরিবারের অন্যান্য সদস্যের সাথে এই পরিকল্পনা নিয়ে আলোচনা করতে চাইতে পারেন বা এটি আপনার সন্তানের ও পরিবারের চাহিদা পূরণ করবে কিনা নিশ্চিত হওয়ার জন্য এটি পর্যালোচনা করতে পারেন। যখন পরিকল্পনাটি সম্পন্ন হয় তখন আপনাকে আপনার IFSP তে স্বাক্ষর করতে বলা হবে। IFSP তে স্বাক্ষর করার মাধ্যমে আপনি বলেন যে আপনি IFSP মিটিং এ ছিলেন এবং পরিকল্পনার পরিষেবাতে আপনি সম্মত। এছাড়াও আপনি EI পরিষেবা শুরু করার ব্যাপারে সম্মতি প্রদান করছেন।



যদি আপনি ও IFSP দল IFSP তে সম্মত না হন তবে আপনাকে IFSP তে স্বাক্ষর করতে হবে না। আপনি যে পরিষেবায় সম্মত হন তা শুরু করার জন্য লিখিত সম্মতি প্রদান করতে পারবেন এবং মতানৈক্যের সমাধান করার জন্য আপনার যথাযথ প্রক্রিয়ার অধিকার প্রয়োগ করতে পারবেন।

IFSP মিটিং এ কী ঘটেছে সে সম্পর্কে আপনার ISC আপনাকে বলবেন এবং আপনাকে প্রস্তুতি নিতে সাহায্য করবেন। আপনার IFSP মিটিং সম্পর্কে আপনাকে কিছু গুরুত্বপূর্ণ বিষয় জানতে হবে যেমন:

- IFSP মিটিং অবশ্যই এমন সময়ে ও স্থানে অনুষ্ঠিত হবে যা আপনার ও আপনার পরিবারের জন্য উপযোগী;
- আপনি, আপনার ISC, আপনার কাউন্টির প্রাথমিক হস্তক্ষেপ কর্মকর্তা (EIO) এবং মূল্যায়ন দল বা দলের নির্বাচিত সদস্য অবশ্যই মিটিং অংশগ্রহণ করবেন;
- আপনি অন্যদেরকেও IFSP মিটিং এ আমন্ত্রণ জানাতে পারেন যেমন পরিবার, বন্ধু-বান্ধব, আপনার বেবিসিটার বা শিশুর পরিচর্যা প্রদানকারীগণ;
- আপনার ISC আপনার সম্মতিতে অন্যদেরকে মিটিং এ অংশগ্রহণের আমন্ত্রণ জানাতে পারবেন;
- আপনি একজন উকিলকে মিটিং অংশগ্রহণ করতে বলতে পারবেন;
- আপনি, আপনার ISC, আপনার সন্তানের মূল্যায়নকারী এবং আপনার EIO আপনার সন্তানের বিকাশের ব্যাপারে যে তথ্য

সংগ্রহ করা হয়েছে তা পর্যালোচনা করবেন এবং EIP কীভাবে আপনার সন্তান ও পরিবারকে সাহায্য করবে সে ব্যাপারে একসাথে আলোচনা করবেন;

- আপনার সন্তানের বিকাশের সাথে সম্পর্কিত আপনার পরিবারের সম্পদ, অগ্রাধিকার এবং উদ্বেগসমূহ আলোচনা করা হবে;
- আপনি আপনার সন্তান ও পরিবারের জন্য ফলাফলগুলি (আপনার সন্তানের বিকাশে যে উন্নয়নগুলি দেখতে চান) চিহ্নিতকরণে সাহায্য করবেন;
- ফলাফলগুলি অর্জন করতে যে কৌশল, কার্যকলাপ ও পরিষেবা কাজে আসবে বলে আপনি আশা করেন তা উন্নীত করা হবে এবং পরিকল্পনায় লেখা হবে;
- আপনার অবকাশ পরিষেবার প্রয়োজন আছে কিনা তা প্রয়োজন অনুসারে আলোচনা করা হবে এবং আপনার সন্তান ও পরিবারের ব্যক্তিগত চাহিদার ভিত্তিতে নির্ধারিত হবে। অবকাশ পরিষেবা পরিচর্যা প্রদানের দায়িত্ব থেকে অস্থায়ীভাবে অব্যাহতি প্রদানের জন্য ব্যবহৃত হয় যা আপনার সন্তানের জন্য প্রয়োজন হতে পারে। অবকাশ বাড়িতে বা অন্য কোনো উপযুক্ত অবস্থানে প্রদান করা যেতে পারে;

- আপনার IFSP তে একটি পরিষেবা অন্তর্ভুক্ত করতে, আপনাকে এবং IFSP দলের সকল সদস্যকে উক্ত পরিষেবার প্রতি সম্মত হতে হবে; এবং
- আপনার সন্তানের IFSP তে শনাক্তকৃত অন্যান্য EI পরিষেবা গ্রহণের অধিকারকে খর্ব না করে আপনি যেকোনো EI পরিষেবা গ্রহণ বা প্রত্যাখ্যান করতে পারেন।

আপনার পরিবারের IFSP তে নিম্নোক্ত তথ্য অন্তর্ভুক্ত থাকবে:

- আপনার সন্তানের বর্তমান কার্যকারিতার স্তরের একটি বিবৃতি;
- আপনার অনুমতিতে, আপনার সন্তানের বিকাশের সাথে সম্পর্কিত আপনার পরিবারের সম্পদ, অগ্রাধিকার এবং উদ্বেগসমূহের একটি বিবৃতি;
- EI পরিষেবা থেকে প্রত্যাশিত প্রধান প্রধান ফলাফলের একটি বিবৃতি। IFSP ফলাফলগুলি অবশ্যই অর্থপূর্ণ এবং আপনার সন্তান ও পরিবারের চাহিদা ও অগ্রাধিকার ভিত্তিক হতে হবে;
- আপনার সন্তান ও পরিবারের চাহিদা পূরণের জন্য প্রয়োজনীয় স্থানান্তর সহ EI পরিষেবার একটি বিবৃতি;
- আপনার সন্তান যখন ডেকেয়ারে থাকে এবং যখন EI সেবা প্রদানকারীর ডেকেয়ার স্টাফকে প্রশিক্ষণ প্রদানের প্রয়োজন হয় তখন আপনার সন্তানের চাহিদা পূরণের জন্য একটি পরিকল্পনা;
- EI পরিষেবার জন্য একজন চিকিৎসকের, চিকিৎসকের সহকারীর বা নার্স প্র্যাকটিশনারের আদেশ বা ব্যবস্থাপত্র

যেটির সুনির্দিষ্ট মেডিকেল প্রফেশনালের একটি আদেশ/ব্যবস্থাপত্রের প্রয়োজন হয়;

- আপনার সন্তান ও পরিবারের প্রয়োজনীয় চিকিৎসা পরিষেবা যা EIP কর্তৃক প্রদান বা পরিশোধ করা হয় না তা সহ অন্যান্য পরিষেবা সম্পর্কে একটি বিবৃতি;
- আপনি পরিকল্পনায় স্বাক্ষর ও অনুমতি প্রদান করলে, IFSP মিটিং এর পর যত শীঘ্র সম্ভব পরিষেবা শুরু হওয়ার প্রত্যাশিত তারিখ;
- চলমান সেবা সমন্বয়কের নাম যিনি উক্ত পরিকল্পনা কার্যকর করায় আপনাকে সাহায্য করবেন;
- প্রি-স্কুল বিশেষ শিক্ষা পরিষেবা সহ আপনার সন্তান ও পরিবারের অন্যান্য পরিষেবা পরিবর্তনে সাহায্য করার পদক্ষেপসমূহ। EIP তে, এটিকে বলা হয় স্থানান্তর পরিকল্পনা; এবং
- প্রাকৃতিক পরিবেশের একটি বিবৃতি যেখানে EI পরিষেবা প্রদান করা হবে। “প্রাকৃতিক পরিবেশ” বলতে বোঝায় সেই ব্যবস্থা যেখানে নবজাতক ও টডলারদেরকে সাধারণতে কমিউনিটির মধ্যে পাওয়া যায়। সেটি হতে পারে আপনার বাসা বা অন্য কমিউনিটির অবস্থান, যেমন ডে কেয়ার বা খেলার মাঠ।

IFSP তে তালিকাভুক্ত EI পরিষেবা প্রদানের জন্য আপনার সম্মতি প্রদানের পর যত শীঘ্র সম্ভব পরিষেবা প্রদান শুরু করা উচিত। আপনার EIO কে অবশ্যই অন্তত বছরে একবার হলেও একটি মিটিং ডাকতে হবে আপনার সন্তান ও পরিবারের জন্য IFSP মূল্যায়ন এবং প্রয়োজনে সংশোধন করার জন্য। আপনি একটি পর্যালোচনার অনুরোধ করলে IFSP প্রতি ছয় মাস পর পর বা আরও ঘন ঘন পর্যালোচনা করা হচ্ছে কিনা তা নিশ্চিত করার জন্য EIO দায়ী।





প্রাকৃতিক পরিবেশ

EIP সৃষ্টিকারী ফেডারেল আইন বলে যে EI পরিষেবা অবশ্যই যথাযথ প্রাকৃতিক পরিবেশে প্রদান করতে হবে। প্রাকৃতিক পরিবেশ হলো সেই পরিবেশ যেখানে বিশেষ চাহিদাসম্পন্ন বা বিশেষ চাহিদাবিহীন নবজাতক ও টডলাররা এবং তাদের পরিবারগুলি নিত্যকর্ম ও কার্যকলাপে অংশগ্রহণ করে যা তাদের কাছে গুরুত্বপূর্ণ এবং তা গুরুত্বপূর্ণ শিখন সুবিধা হিসেবে ব্যবহৃত হয়। প্রাকৃতিক পরিবেশের মধ্যে থাকতে পারে আপনার বাসা, যে স্থানে শিশু পরিচর্যা প্রদান করা হয়, খেলার মাঠ, রেস্টোরাঁ, গণ পরিবহন, গ্রন্থাগার, সুপার-মার্কেট, প্রার্থনাস্থল এবং অন্যান্য কমিউনিটির পরিবেশ। প্রাকৃতিক পরিবেশ মানে শুধু স্থান বা অবস্থান নয়।

তাছাড়া আরও রয়েছে পারিবারিক খাবার, গোসল, ঘুমানোর সময়, পারিবারিক উদযাপন, গৃহস্থালির কাজ এবং পরিবার ও বন্ধু-বান্ধবের কাছে ঘুরতে যাওয়া সহ পরিবারের নৃত্যকর্ম ও কার্যকলাপ। কিছু পরিষেবা থাকতে পারে যেগুলো একটি সংস্থায় বা একটি স্কুলে প্রদান করা হয় যেটি EI পরিষেবায় বিশেষজ্ঞ যদি সেই পরিবেশ আপনার সন্তানের জন্য উত্তম হয়। যেহেতু প্রাকৃতিক পরিবেশ হলো সেটি যেখানে বিশেষ চাহিদাসম্পন্ন বা চাহিদাবিহীন শিশুরা বাস করে, শেখে, খেলা করে এবং কমিউনিটি/প্রতিবেশীর কার্যকলাপ ও অনুষ্ঠানে অংশগ্রহণ করে, যেটি সব শিশুদের একে অপর থেকে শেখার সুযোগ প্রদান করে।





আপনার চলমান সেবা সমন্বয়ক

আপনার প্রথম IFSP মিটিং এ আপনাকে একজন চলমান সেবা সমন্বয়ক (OSC) নির্বাচন করতে বলা হবে যিনি আপনার ISC থেকে ভিন্ন হতে পারেন। আপনার OSC বাছাই করা একটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত। এই সেবা সমন্বয়ক আপনার IFSP কে কার্যকর করার জন্য দায়বদ্ধ।

আপনার চলমান সেবা সমন্বয়ক নিম্নোক্ত কাজগুলো করার জন্যও দায়বদ্ধ:

- আপনার পরিবারের থাকতে পারে এমন যেকোনো সময়সূচি বা অন্যান্য চাহিদা যা প্রদানকারীর নির্ধারিত কাজকে প্রভাবিত করবে সে সম্পর্কে আপনার সাথে কথা বলা;
- আপনার সন্তান ও পরিবারের প্রাথমিক হস্তক্ষেপ পরিষেবার চাহিদা শনাক্ত করতে আপনার IFSP পর্যালোচনা করা;
- সময়সূচি নির্ধারণ, পরিষেবা এবং অন্যান্য প্রয়োজনগুলি নিশ্চিত করতে আপনার সাথে কথা বলা;
- IFSP তে পরিষেবা প্রদান করার জন্য প্রদানকারীদের নিয়োগ ও ব্যবস্থা করা যারা New York State Department of Health কর্তৃক অনুমোদিত এবং চুক্তির আওতাভুক্ত;
- আপনার ও আপনার নির্ধারিত প্রদানকারীর সাথে যোগাযোগের ব্যবস্থা করা;
- আপনার পরিবার অন্য যে পরিষেবা গ্রহণ করছে যেমন ডে কেয়ার পরিষেবা তার সাথে EI পরিষেবার সমন্বয় করা;
- আপনার সন্তান ও পরিবার আপনার IFSP এর সকল পরিষেবা পাচ্ছেন কিনা তা নিশ্চিত করা;
- সময়সূচি এবং নির্ধারিত সময়সীমার মধ্যে প্রথম দিনের পরিষেবা প্রদান করা হচ্ছে কিনা তা নিশ্চিত করার জন্য আপনার ও আপনার নির্ধারিত প্রদানকারীকে তদারক করা;
- ওকালতি সেবা সম্পর্কে আপনাকে জানানো;
- আপনার IFSP এর ছয় মাসের পর্যালোচনা এবং বার্ষিক মূল্যায়ন সম্পন্ন হয়েছে কিনা তা নিশ্চিত করা;
- আপনার IFSP তে কোনো পরিবর্তন আনয়নে আপনাকে সাহায্য করা যা ষাণ্মাসিক পর্যালোচনা এবং বার্ষিক মূল্যায়নের মধ্যকার সময়ে হতে পারে;

- প্রয়োজন উত্থাপিত হলে আপনার পারিবারিক বীমার তথ্য হালনাগাদ করা। মেডিকেইড ও চাইল্ড হেলথ প্লাস সহ যদি পরিবারের বীমা পলিসিতে কোনো পরিবর্তন আনা হয় তবে আপনার উচিত তা আপনার OSC কে জানানো।
- EIP থেকে প্রি-স্কুল বিশেষ শিক্ষা পরিষেবায় আপনার সন্তানের সম্ভাব্য স্থানান্তর সম্পর্কে স্কুল ডিস্ট্রিক্টকে অবহিত করানো; এবং
- একটি স্থানান্তর পরিকল্পনা তৈরি করার জন্য আপনার সাথে সাক্ষাৎ করা যেটির মধ্যে অন্তর্ভুক্ত থাকবে আপনাকে ও আপনার সন্তানকে EIP ছেড়ে নতুন পরিষেবা শুরু করতে সাহায্য করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপসমূহ।



স্বাস্থ্য বীমা সংক্রান্ত তথ্য



আপনার পরিবারের স্বাস্থ্য বীমা সম্পর্কিত সবচেয়ে সাম্প্রতিক ও সঠিক তথ্য পাওয়া আপনার সেবা সমন্বয়কের জন্য খুব গুরুত্বপূর্ণ। আপনার পরিবারের কোন ধরনের স্বাস্থ্য বীমা পরিকল্পনা আছে তা আপনার সেবা সমন্বয়ক আপনার সাথে অনুসন্ধান করবেন এবং আপনার পরিকল্পনা নিউ ইয়র্ক স্টেট বীমা আইন ("নিয়ন্ত্রিত") এর আওতায় পড়ে নাকি নিউ ইয়র্ক স্টেট বীমা আইন ("অনিয়ন্ত্রিত") কর্তৃক নিয়ন্ত্রিত নয় তা শনাক্ত করতে সাহায্য করবেন। এছাড়াও আপনার সেবা সমন্বয়ক আপনার বীমা পলিসির আওতায় আপনার সন্তানের কী পরিমাণ সুযোগ সুবিধা আছে সে সম্পর্কে তথ্য নেবেন। আপনার পরিবারের স্বাস্থ্য বীমা পরিকল্পনা যদি নিউ ইয়র্ক স্টেট বীমা আইন দ্বারা নিয়ন্ত্রিত না হয়, তবে উক্ত পরিকল্পনা অর্থ পরিশোধের জন্য তালিকাভুক্ত করা হবে না যদি না আপনি জ্ঞাপিত লিখিত সম্মতি জানান।

স্বাস্থ্য বীমা আওতার ধরন

মেডিকেইড ও মেডিকেইড পরিচালিত পরিচর্যা পরিকল্পনাগুলি স্টেট জুড়ে কয়েকটি স্বাস্থ্য পরিকল্পনার মাধ্যমে পরিচালিত হয়। পরিষেবাগুলির খরচের হিসাব সরাসরি মেডিকেইডকে দেয়া হয়।

চাইল্ড হেলথ প্লাস (CHP) স্টেট ব্যাপী কয়েকটি স্বাস্থ্য সেবা পরিকল্পনা দ্বারা পরিচালিত হয়। EIP সংক্রান্ত CHP NYS বীমা আইনের বিষয়।

নিউ ইয়র্ক স্টেটের বাইরে প্রকাশিত/লিখিত স্বাস্থ্য বীমা পরিকল্পনাগুলি নিয়ন্ত্রিত নয় (যেমন অন্য স্টেটে প্রকাশিত ব্লু ক্রস/ব্লু শিল্ড পরিকল্পনা নিয়ন্ত্রিত নয়)।

হেলথ স্পেন্ডিং অ্যাকাউন্টস/হেলথ সেভিংস অ্যাকাউন্টস (HSA) হলো মেডিকেল সেভিংস অ্যাকাউন্টস এবং বীমা হিসেবে বিবেচনা করা হয়; এই অ্যাকাউন্টগুলি সম্পর্কে তথ্য আপনার সেবা সমন্বয়ক কর্তৃক সংগ্রহ করা উচিত নয়।

এছাড়াও আপনার ISC নিউ ইয়র্ক স্টেট গণ স্বাস্থ্য ও বীমা আইনের আবশ্যিকতাসমূহ সম্পর্কে আপনার সাথে আলোচনা করবেন, যেমন:

- নিউ ইয়র্ক স্টেট গণ স্বাস্থ্য আইনের আওতায়, পিতামাতাকে অবশ্যই বিনা খরচে EIP পরিষেবা প্রদান করতে হবে;
- বেসরকারি বীমা ও মেডিকেইড EIP পরিষেবার জন্য NYS এর মূল্য পরিশোধ পদ্ধতি। এই বেসরকারি পরিশোধকারীরা EIP এর জন্য একটি গুরুত্বপূর্ণ সম্পদ।

- স্বাস্থ্য বীমা শুধু EIP পরিষেবার মূল্য পরিশোধের জন্য ব্যবহৃত হবে যদি আপনার সন্তানের/পরিবারের পলিসি নিয়ন্ত্রিত হয় বা আপনার সম্মতিতে ব্যবহৃত হবে, যদি পলিসি অনিয়ন্ত্রিত হয়; এবং
- সেবা সমন্বয় ও মূল্যায়ন সহ আপনার সন্তানের IFSP এর সকল EIP পরিষেবা অবশ্যই প্রদান করতে হবে যদি আপনি বীমার তথ্য প্রদানে অসম্মতি জানান বা যদি আপনার সন্তানের কোনো বীমা না থাকে।

নিয়ন্ত্রিত বীমার ব্যবহারের জন্য সুরক্ষাসমূহ

পিতামাতার পকেট থেকে কোনো খরচ করতে হবে না যেমন EIP পরিষেবার জন্য কর্তনযোগ্য বা সহায়ক মূল্য পরিশোধ হিসেবে।

বীমাকারীদের যেকোনো সর্বোচ্চ বার্ষিক বা আজীবন পলিসি সীমার বিপরীতে EIP পরিষেবার জন্য পরিশোধিত কোনো সুবিধাদি ধার্য করার অনুমতি নেই।

শিশু ও পরিবারের স্বাস্থ্যসেবার জন্য বীমাকারীদের দ্বারা পরিশোধকৃত EIP সাক্ষাৎগুলির সংখ্যা কমানো যাবে না।

বীমাকারীরা একটি পরিবারের বীমা আওতা এককভাবে শেষ করতে বা নবায়ন নাকচ করতে পারেন না, কারণ একটি শিশু EIP পরিষেবা গ্রহণ করছে।

বীমাকারীরা কেবল স্বাস্থ্য বীমা প্রিমিয়াম বাড়তে পারবেন না কারণ একটি শিশু EIP পরিষেবা গ্রহণ করছে।





অনিয়ন্ত্রিত বীমার ব্যবহার

যদি একটি পরিবারের বীমা পরিকল্পনা NYS বীমা আইন কর্তৃক নিয়ন্ত্রিত না হয় তবে উক্ত পরিকল্পনা অর্থ পরিশোধের জন্য তালিকাভুক্ত করা হবে না যদি না আপনি জ্ঞাপিত লিখিত সম্মতি জানান। আপনি যদি EIP পরিষেবা মূল্য পরিশোধের জন্য অনিয়ন্ত্রিত বীমা ব্যবহারের লিখিত সম্মতি প্রদান করেন তবে এই সম্মতিতে প্রত্যেক IFSP মিটিং এর সময় পুনরায় স্বাক্ষর করতে লাগবে।

যদি আপনার পরিবারের বীমা NYS বীমা আইন দ্বারা নিয়ন্ত্রিত না হয়, আপনার বীমা সুবিধা সুরক্ষিত নাও হতে পারে যদি EIP পরিষেবার অর্থ পরিশোধের জন্য তালিকাভুক্ত করা হয়। এই ক্ষেত্রে, যদি আপনাকে সম্পূর্ণভাবে জানানো হয় এবং আপনি লিখিত সম্মতি প্রদান করতে চান তবেই কেবল উক্ত বীমা ব্যবহার করা যাবে।

পিতামাতার দায়িত্ব

মেডিকেইড ও চাইল্ড হেলথ প্লাস সহ যদি আপনার পরিবারের বীমা পলিসিতে কোনো পরিবর্তন আনা হয় তবে আপনার উচিত তা যথাশীঘ্র আপনার সেবা সমন্বয়ককে জানানো।

যদি আপনার বীমা কোম্পানি আপনাকে EI পরিষেবার অর্থ পরিশোধের জন্য একটি চেক পাঠায়, তবে সেই অর্থ আপনাকে ভুলবশত পাঠানো হয়েছে। উক্ত অর্থ সরাসরি আপনার সন্তানের EI প্রদানকারী বা প্রদানকারী সংস্থাকে

পাঠাতে হবে যে জন্য আপনার সন্তানের প্রদানকারী কাজ করে বা চুক্তিবদ্ধ হয়েছে। আপনার উক্ত চেকের নগদ অর্থ নেওয়া উচিত নয়। উক্ত ভুলের কথা তাৎক্ষণিকভাবে আপনার বীমা কোম্পানিকে অবহিত করুন এবং বীমা কোম্পানিকে চেকটি ফেরত পাঠাতে সহায়তার জন্য আপনার সেবা সমন্বয়কের সাথে যোগাযোগ করুন।

যদি আপনার NYS নিয়ন্ত্রিত স্বাস্থ্য বীমা কোম্পানি আপনার বীমা পলিসিতে সুনির্দিষ্ট বার্ষিক ও আজীবন সীমার EI পরিষেবার জন্য অর্থ প্রদান করে, তবে আপনার তাৎক্ষণিকভাবে আপনার বীমা কোম্পানিকে ভুলের ব্যাপারে জানানো উচিত এবং সহায়তার জন্য আপনার সেবা সমন্বয়কের সাথে যোগাযোগ করা উচিত।

যদি আপনার হেলথ স্পেন্ডিং অ্যাকাউন্ট (HSA) তহবিল আপনার স্বাস্থ্য বীমা কোম্পানি কর্তৃক EI পরিষেবার অর্থ পরিশোধের জন্য ভুলবশত আপনার সন্তানের EI পরিষেবা প্রদানকারীর কাছে পাঠানো হয়, তবে আপনার উচিত তাৎক্ষণিকভাবে আপনার সেবা সমন্বয়ককে অবহিত করানো। EI কর্মসূচি এর আওতায় এই অর্থ পরিশোধ অনুমোদিত নয় এবং বীমাকারী কর্তৃক আপনার HSA তে অবিলম্বে ফেরত দিতে হবে। উক্ত অর্থ যা আপনার উপলব্ধ সুবিধাদিতে ফেরত দেয়া হবে তা ফেরত দেয়ার নির্দেশনা জানতে আপনার স্বাস্থ্য বীমা কোম্পানির সাথে যোগাযোগ করার জন্য আপনার EI প্রদানকারী দায়বদ্ধ।





স্থানান্তর: আপনার সন্তানের পরবর্তী পদক্ষেপসমূহ

শিশুদের তৃতীয় জন্মদিনে বা কাছাকাছি সময়ে প্রি-স্কুল বিশেষ শিক্ষা বা অন্যান্য পরিষেবায় যাওয়া সহ EIP ত্যাগ করা সব শিশুদের জন্য একটি স্থানান্তর পরিকল্পনা অবশ্যই তৈরি করতে হবে। পরিষেবা পরিবর্তনের সাথে খাপ খাইয়ে নিতে এবং একটি সহজ স্থানান্তরের জন্য আপনার ও আপনার সন্তানের প্রয়োজন হতে পারে এমন যেকোনো সাহায্য, সহায়তা ও পরিষেবা স্থানান্তর পরিকল্পনায় অন্তর্ভুক্ত থাকবে। স্থানান্তর পরিকল্পনার আলোচনা আপনার সন্তানের প্রথম IFSP তে শুরু হওয়া উচিত। কিছু শিশুর আর কোনো পরিষেবার প্রয়োজন হবে না। অন্যান্য শিশু ও পরিবার তাদের কমিউনিটির প্রাথমিক শৈশব কর্মসূচি বা অন্যান্য পরিষেবায় যেতে পারে। আপনি বা অন্য কেউ যদি মনে করেন যে আপনার সন্তান প্রি-স্কুল বিশেষ শিক্ষা পরিষেবার জন্য উপযুক্ত, আপনার সেবা সমন্বয়ক আপনার স্কুল ডিস্ট্রিক্টের প্রি-স্কুল বিশেষ শিক্ষা (CPSE) কমিটিকে অবহিত করবেন। আপনার CPSE বিজ্ঞপ্তি না পেতে চাওয়ার সুযোগ রয়েছে। আপনি আপত্তি জানালে OSC এই পদক্ষেপ নিতে পারবেন না।

স্থানান্তরের অতিরিক্ত পদক্ষেপসমূহের মধ্যে রয়েছে:

- আপনার OSC অবশ্যই আপনাকে একটি স্থানান্তর কনফারেন্স করার সুযোগ দেবেন। একটি স্থানান্তর কনফারেন্স হলো একটি মিটিং যেটি CPSE এর সভাপতি (বা তার মনোনীত ব্যক্তি) এর সাথে আপনার সন্তানকে প্রি-স্কুল বিশেষ শিক্ষা পরিষেবার জন্য রেফার করা উচিত হবে কিনা তা নিয়ে আলোচনা করার জন্য অনুষ্ঠিত হয়। এই মিটিংকে একটি স্থানান্তর কনফারেন্স বলা হয়। আপনি একটি স্থানান্তর কনফারেন্স করতে চান কি চান না সে ব্যাপারে আপনি সিদ্ধান্ত নিতে পারেন। এই কনফারেন্স সংঘটিত করার জন্য আপনার OSC কে আপনার সম্মতি প্রদান করতে বলা হবে;
- আপনি যদি একটি স্থানান্তর কনফারেন্স করা প্রত্যাখ্যান করেন, তাহলে আপনার OSC আপনাকে একটি লিখিত স্থানান্তর তথ্য প্রদান করবেন;
- আপনি যদি স্থানান্তর কনফারেন্সে সম্মতি প্রকাশ করেন, আপনার OSC আপনার সাথে স্থানান্তর কনফারেন্স করার ব্যবস্থা করবেন, CPSE এর সভাপতি/মনোনীত ব্যক্তি এবং IFSP দলের অন্যান্য সদস্যকে আমন্ত্রণ জানানো হবে। আপনার সন্তান CPSE এর মাধ্যমে পরিষেবার জন্য প্রথম উপযুক্ত হওয়ার অন্তত 90 দিন পূর্বে স্থানান্তর কনফারেন্স অনুষ্ঠিত হতে হবে। আপনার সন্তান CPSE এর পরিষেবার জন্য প্রথম কখন উপযুক্ত হবে সে ব্যাপারে আপনার OSC আপনাকে তথ্য প্রদান করবেন।



- আপনি একটি স্থানান্তর কনফারেন্স করতে চান বা না চান, আপনি আপনার সন্তানকে স্কুল ডিস্ট্রিক্ট CPSE তে রেফার করার সিদ্ধান্ত নিতে পারবেন। আপনার OSC রেফার করার কাজে আপনাকে সাহায্য করতে পারবেন। আপনার সন্তানকে CPSE কর্তৃক মূল্যায়ন করার জন্য এবং আপনার সন্তান প্রি-স্কুল বিশেষ শিক্ষার জন্য উপযুক্ত কিনা সে ব্যাপারে CPSE সিদ্ধান্ত নেওয়ার জন্য আপনার সন্তানের তৃতীয় জন্মদিনের আগে পর্যাপ্ত সময় হাতে রেখে আপনার সন্তানকে রেফার করতে হবে। অন্যথায়, EI পরিষেবার জন্য আপনার সন্তানের উপযুক্ততা তার তৃতীয় জন্মদিনের আগের দিন শেষ হয়ে যাবে;



- আপনার সন্তানকে রেফার করার পর, আপনার সন্তানকে কীভাবে মূল্যায়ন করবেন সে ব্যাপারে জানাতে CPSE আপনার সাথে যোগাযোগ করবেন। CPSE আপনার সন্তানকে মূল্যায়ন করার জন্য আপনার লিখিত সম্মতি চাইবেন;
- আপনার সন্তানের EIP রেকর্ডগুলি CPSE কর্তৃক ব্যবহৃত হতে পারে আপনার সন্তানকে কীভাবে মূল্যায়ন করা হবে সে ব্যাপারে সিদ্ধান্ত নিতে। উপকারে আসতে পারে এমন EIP এর মূল্যায়ন প্রতিবেদনগুলি ও অন্যান্য রেকর্ডগুলি শনাক্ত করতে আপনার সেবা সমন্বয়ক আপনাকে সাহায্য করবেন। CPSE কে উপকারে আসতে পারে এমন EIP মূল্যায়ন প্রতিবেদন ও রেকর্ডগুলি প্রদান করতে আপনার OSC এর আপনার লিখিত সম্মতির প্রয়োজন হবে।
- আপনার সন্তানের উপযুক্ততা ও পরিষেবার ব্যাপারে সিদ্ধান্ত নিতে CPSE কে অবশ্যই একটি মিটিং এ বসতে হবে এবং স্কুল ডিস্ট্রিক্টের শিক্ষা বোর্ডকে একটি সুপারিশ প্রদান করতে হবে, আপনার সন্তানকে মূল্যায়ন করার জন্য আপনার লিখিত সম্মতি পাওয়ার 60 দিনের মধ্যে। এই মিটিং এ আপনার OSC কে আমন্ত্রণ জানানোর জন্য আপনি CPSE সভাপতিকে বলতে পারেন;
- আপনার সন্তান যদি প্রি-স্কুল বিশেষ শিক্ষার জন্য উপযুক্ত হয়, তবে আপনার সন্তানের জন্য একটি স্বতন্ত্র শিক্ষা পরিকল্পনা (IEP) তৈরি করা হবে। আপনার সন্তান যখন প্রথম উপযুক্ত হবে তখন আপনি প্রি-স্কুল বিশেষ শিক্ষা কর্মসূচি ও পরিষেবা শুরু করতে পারেন অথবা আপনার সন্তানের বয়স হওয়া অবধি EIP তে থাকতে পারেন। আপনি যদি সিদ্ধান্ত নেন যে আপনার সন্তান EIP ছাড়াই এবং প্রি-স্কুল বিশেষ শিক্ষা পরিষেবা শুরু করবে, তবে আপনার উচিত আপনার স্কুল ডিস্ট্রিক্টের CPSE সভাপতির সাথে যোগাযোগ করা; এবং
- আপনার সন্তান যদি প্রি-স্কুল বিশেষ শিক্ষার জন্য উপযুক্ত না হয়, তবে আপনার সন্তান তিন বছর পূর্ণ হওয়ার দিন EIP পরিষেবা শেষ হবে। আপনার সন্তানের জন্য একটি স্থানান্তর পরিকল্পনা আপনার প্রদত্ত তথ্যের ভিত্তিতে করা হবে। আপনার সন্তান ও পরিবারের যদি অন্যান্য পরিষেবার প্রয়োজন হয় তবে এই পরিকল্পনা উক্ত পরিষেবাকে ও আপনাকে এই পরিষেবা পেতে সাহায্য করার পদক্ষেপগুলি অন্তর্ভুক্ত করবে।



একজন প্যারেন্ট হিসেবে আপনার অধিকার




একজন প্যারেন্ট হিসেবে, EIP এর আওতায় আপনার কিছু অধিকার আছে। আপনার সেবা সমন্বয়ক ও সেবা প্রদানকারীর দায়িত্ব আপনার অধিকারগুলি আপনাকে ব্যাখ্যা করা এবং আপনি তা বুঝেছেন সে ব্যাপারে নিশ্চিত করা এবং সেগুলো আদায়ে আপনাকে সাহায্য করা। উদাহরণস্বরূপ, আপনার অধিকার আছে প্রারম্ভিক লিখিত বিজ্ঞপ্তি পাওয়ার। শনাক্তকরণ, মূল্যায়ন, পরিষেবা নির্ধারণ বা আপনার সন্তান ও পরিবারের জন্য উপযুক্ত EI পরিষেবার ব্যবস্থা শুরু করতে বা পরিবর্তন করতে EIO ইচ্ছা করার বা প্রত্যাখ্যান করার পূর্বে 10 কার্যদিবসের মধ্যে EIO কর্তৃক আপনাকে প্রারম্ভিক লিখিত বিজ্ঞপ্তি প্রদান করতে হবে।

এছাড়াও আপনার সন্তানের EIP এর জন্য উপযুক্ততা নিয়ে মতানৈক্য বা অভিযোগগুলি বা আপনার সন্তানের EI পরিষেবা নিয়ে অভিযোগগুলি নিষ্পত্তি করার জন্য আপনার যথাযথ প্রক্রিয়ার কার্যবিধি ব্যবহার করার অধিকার রয়েছে। আপনার মতানৈক্য বা অভিযোগ নিষ্পত্তি করার জন্য যথাযথ প্রক্রিয়ার কার্যবিধি ব্যবহার করার অধিকারের মধ্যে রয়েছে, নিম্নরূপ মধ্যস্থতা, নিরপেক্ষ শুনানি এবং পদ্ধতিগত অভিযোগ বিধি পাওয়ার অধিকার:

আপনার সন্তানের প্রাথমিক হস্তক্ষেপ পরিষেবা নিয়ে আপনার যে মতানৈক্য বা অভিযোগ থাকতে পারে তা সমাধান করার স্বাধীন ও বিশ্বস্ত পদ্ধতি হলো মধ্যস্থতা। আপনাকে ও আপনার EIO কে যথাসম্ভব সহজে ও দ্রুত একটি মতৈক্যে পৌঁছাতে সাহায্য করার জন্য মধ্যস্থতা ব্যবহার করা হয়। এটি একজন মধ্যস্থতাকারীর মাধ্যমে করা হয়। মধ্যস্থতাকারীদের আপনার কাউন্সিলর কমিউনিটি বিবাদ মীমাংসা কেন্দ্র কর্তৃক প্রশিক্ষণ, প্রত্যয়ন ও নিয়োগ করা হয়। তারা একটি সমস্যার সবদিক শোনায় এবং ন্যায্য হওয়ায় দক্ষ। মধ্যস্থতাকারীরা প্রাথমিক হস্তক্ষেপে বিশেষজ্ঞ নন। তারা বিশেষজ্ঞ মধ্যস্থতাকারী যারা EIP সম্পর্কে জানেন এবং বোঝেন।

সংশ্লিষ্ট সমস্যাগুলি আলোচনা করতে এবং সমাধান খুঁজে বের করার সাহায্য করতে আপনার মধ্যস্থতাকারী আপনার ও আপনার EIO এর সাথে সাক্ষাৎ করবেন। আপনাদের উভয়েরই প্রাথমিক হস্তক্ষেপ পরিষেবা নিয়ে যে উদ্বেগসমূহ আছে যা নিষ্পত্তি করতে হবে তা জানানোর সুযোগ আছে। কমিউনিটি বিবাদ কেন্দ্র মধ্যস্থতার লিখিত আবেদন পাওয়ার 30 দিনের মধ্যে মধ্যস্থতা প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। মধ্যস্থতা সম্পন্ন হওয়ার পর, কী বিষয়ে সম্মত হওয়া গেছে এবং কোনো অনিষ্পন্ন বিষয় থাকলে তার বর্ণনা দিয়ে একটি লিখিত





চুক্তিনামা তৈরি করতে হয়। আপনার সেবা সমন্বয়ক নিশ্চিত করবেন যে এই চুক্তি আপনার IFSP তে যুক্ত করা হয়েছে। যদি এই মতানৈক্য নিষ্পত্তি করা না যায়, আপনার EIO এর উচিত আপনার আরেকটি অধিকার, একটি নিরপেক্ষ শুনানি সম্পর্কে আপনার সাথে আলোচনা করা।

একটি IFSP তে আপনার সন্তানের পরিষেবা সম্পর্কে আপনার EIO এর সাথে মতানৈক্য নিষ্পত্তি করার আরেকটি পদ্ধতি হলো একটি নিরপেক্ষ শুনানি। মধ্যস্থতার মতো, একটি নিরপেক্ষ শুনানিও আপনার কোনো খরচ ছাড়াই সম্পাদিত হবে। একজন মূল্যায়নকারী কর্তৃক আপনার সন্তানকে পরিষেবার জন্য অযোগ্য হিসেবে মূল্যায়ন করলে তখনও আপনি একটি নিরপেক্ষ শুনানি চাইতে পারবেন। এই সমস্যাগুলি সমাধানের জন্য আপনার একটি নিরপেক্ষ শুনানি চাওয়ার অধিকার রয়েছে, এমনকি আপনি প্রথমে মধ্যস্থতায় অংশ নিলেও। একটি নিরপেক্ষ শুনানি পাওয়ার পূর্বে আপনাকে মধ্যস্থতায় অংশ নিতে হবে না। আপনার ও আপনার পরিবারের জন্য উভয় সুযোগই রয়েছে। নিরপেক্ষ শুনানি শুনানি কর্মকর্তা কর্তৃক সম্পন্ন করা হয় যারা ন্যায্য এবং নিরপেক্ষ। এই শুনানি কর্মকর্তাগণ প্রশাসনিক আইনের বিচারক যাদেরকে স্বাস্থ্য কমিশনার কর্তৃক নিয়োগ বা মনোনয়ন করা হয়। শুনানি কর্মকর্তার আপনার বা EIO এর মাধ্যমে করা অনুরোধের ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা রয়েছে। আপনার সন্তানের কেসের সমস্যা বা উদ্বেগের ব্যাপারে এই শুনানি কর্মকর্তা একটি চূড়ান্ত সিদ্ধান্ত দেবেন।

একটি শুনানিতে, পিতামাতা ও EIO সাক্ষ্য প্রদান করেন এবং তাদের মতামতকে সমর্থন করার জন্য সাক্ষী ব্যবহার করতে পারেন। নিরপেক্ষ শুনানির সময় পিতামাতা একজন বন্ধু, অন্য প্যারেন্ট, একজন উকিল বা একজন অ্যাটর্নি আনতে পারেন। শুনানি কর্মকর্তাকে 30 দিনের মধ্যে একটি সিদ্ধান্তে পৌঁছাতে হবে। শুনানি কর্মকর্তার সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত। আপনার বা EIO এর শুনানি কর্মকর্তা সিদ্ধান্তের একটি আইনি পর্যালোচনা চাওয়ার অধিকার রয়েছে।

একটি নিরপেক্ষ শুনানির আবেদন করার জন্য, আপনাকে অবশ্যই New York State Department of Health, প্রাথমিক হস্তক্ষেপ ব্যুরো এর পরিচালক বরাবর লিখতে হবে। আপনি যেকোনো সময় একটি নিরপেক্ষ শুনানি চাইতে পারবেন। আপনার অভিযোগ যদি আপনার সন্তানের অযোগ্যতা নিয়ে হয়, তবে আপনার সন্তানকে পরিষেবার জন্য অযোগ্য হিসেবে বিবেচনা করার ছয় মাসের মধ্যে আপনার আবেদন করতে হবে।

মধ্যস্থতা বা একটি নিরপেক্ষ শুনানি ছাড়াও, যেসকল পিতামাতার কীভাবে EIP কাজ করছে সে সম্পর্কে কোনো সমস্যা থাকলে সে জন্য আরেকটি সুযোগ হচ্ছে একটি

পদ্ধতিগত অভিযোগ দায়ের করা। সমস্যাগুলির কিছু উদাহরণ হলো:

- একটি শিশুকে প্রাথমিক হস্তক্ষেপ কর্মকর্তার কাছে রেফার করার 45 দিনের মধ্যে একটি IFSP সম্পন্ন না করা;
- যথা সময়ে পরিষেবা প্রদান না করা;
- আপনার IFSP তে তালিকাভুক্ত পরিষেবা না পাওয়া;
- একজন প্যারেন্টের অনুমতি ছাড়া একটি শিশুকে পরিষেবা প্রদান করা; এবং
- স্বাস্থ্য ও নিরাপত্তা উদ্বেগ রয়েছে এমন স্থানে পরিষেবা গ্রহণ করা।

আপনি যদি মনে করেন যে আপনার EIO, সেবা সমন্বয়ক, মূল্যায়নকারী বা সেবা প্রদানকারী তাদের কাজ আইন অনুসারে করছেন না তবে একটি পদ্ধতিগত অভিযোগ দায়ের করা যেতে পারে। একটি পদ্ধতিগত অভিযোগ দায়ের করার জন্য, আপনাকে অবশ্যই New York State Department of Health, প্রাথমিক হস্তক্ষেপ ব্যুরো এর পরিচালক বরাবর লিখতে হবে। এছাড়াও আপনাকে আপনার অভিযোগ পত্রের একটি অনুলিপি আপনার সেবা সমন্বয়ককে, কাউন্টির প্রাথমিক হস্তক্ষেপ কর্মকর্তাকে এবং যেকোনো প্রাথমিক হস্তক্ষেপ প্রদানকারীর কাছে প্রেরণ করতে হবে যারা এই অভিযোগের সাথে সম্পৃক্ত। Department of Health অবশ্যই আপনার অভিযোগ তদন্ত করবে।

আপনি যদি Department of Health এ একটি অভিযোগ করেন তবে Department of Health এর স্টাফ আপনার সাথে যোগাযোগ করবেন। আপনার অভিযোগ কীভাবে তদন্ত করা হবে সে ব্যাপারে আপনাকে বলা হবে। এর মধ্যে থাকতে পারে আপনার, অভিযোগে উল্লেখিত যেকোনো ব্যক্তি এবং অন্যান্যদের কাছ থেকে সাক্ষাৎকার নেয়া, যাদের কাছে এই অভিযোগ সম্পর্কে সহায়ক তথ্য থাকতে পারে।

Department of Health অভিযোগ পাওয়ার 60 দিনের মধ্যে অবশ্যই এর তদন্ত সম্পন্ন করবে। তদন্ত শেষে আপনার অভিযোগ সম্পর্কে আপনি একটি লিখিত জবাব পাবেন। এই জবাবের মধ্যে তদন্তের ফলাফল থাকবে এবং কোনো পদক্ষেপ অবশ্যই নিতে হলে তা সুনির্দিষ্ট করা থাকবে। সমস্যা সমাধানের জন্য সব পদক্ষেপ নেয়া হচ্ছে সে ব্যাপারে নিশ্চিত করার জন্য Department of Health দায়ী থাকবে।

19 নং পৃষ্ঠা থেকে এসব ব্যাপারে আপনাকে সাহায্য করার জন্য নমুনা চিঠিপত্র দেয়া হয়েছে।

প্রাথমিক হস্তক্ষেপ কর্মসূচি এর যোগাযোগের তথ্য



প্রাথমিক হস্তক্ষেপ কর্মসূচি পরিষেবা সম্পর্কে
আরও তথ্যের জন্য, যোগাযোগ করুন:

New York State Department of Health
Bureau of Early Intervention
Corning Tower Building, Room 287
Empire State Plaza
Albany, New York 12237-0660
(518) 473-7016

ফ্যাক্স: **(518) 486-1090**

ই-মেইল: beipub@health.ny.gov

পিতামাতার জন্য সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নাবলি, EIP
এর বিধি-বিধান, এ সম্পর্কিত পারিভাষিক শব্দমালা
এবং শব্দসংক্ষিপ্তসমূহ এবং আপনার স্থানীয় EIP এর
জন্য টেলিফোন নম্বর অনলাইনে পাওয়া যাবে এখানে:
[www.health.ny.gov/community/infants_children/
early_intervention/county_eip.htm](http://www.health.ny.gov/community/infants_children/early_intervention/county_eip.htm)

প্রাথমিক হস্তক্ষেপ এবং অন্যান্য শিশু সম্পর্কিত পরিষেবা
সম্পর্কে আরও তথ্যের জন্য নিচের ঠিকানায় যোগাযোগ
করুন:

“Growing Up Healthy”
("গ্রোয়িং আপ হেলদি") 24-ঘণ্টার হটলাইন
1-800-522-5006
নিউ ইয়র্ক সিটিতে ডায়াল করুন **311**

Early Childhood Direction Centers
New York State Education Department
(আর্লি চাইল্ডহুড ডিরেকশন সেন্টারস
নিউ ইয়র্ক স্টেট শিক্ষা বিভাগ)
www.p12.nysed.gov/specialed/techassist/ecdc/
(518) 486-7462
TTY: **(518) 474-5652**

New York Parent and Kid Connection Helpline
(নিউ ইয়র্ক প্যারেন্ট ও কিড কানেকশন হেল্পলাইন)
1-800-345-KIDS (5437)
(পাওয়া যাবে সোম-শুক্রবার সকাল 9 টা- বিকাল 5 টা)

NYS Justice Center for the Protection
of People with Special Needs (বিশেষ চাহিদাসম্পন্ন
লোকদের সুরক্ষার জন্য NYS জাস্টিস সেন্টার)
[www.justicecenter.ny.gov/services-supports/
advocacy](http://www.justicecenter.ny.gov/services-supports/advocacy)
1-800-624-4143 তথ্য ও রেফারেল (সোম-শুক্র, সকাল
8:30 টা-বিকাল 4:30 টা)
TTY: ডায়াল করুন **7-1-1** NYS রিলে এর জন্য এবং
অপারেটরকে দিন **1-800-624-4143**

Assistive Technology (TRAID) Program
(সহায়ক প্রযুক্তি (TRAID) কর্মসূচি)
[www.justicecenter.ny.gov/services-supports/
assistive-technology-traid](http://www.justicecenter.ny.gov/services-supports/assistive-technology-traid)

Parent to Parent of New York State
(প্যারেন্ট টু প্যারেন্ট অব নিউ ইয়র্ক স্টেট)
www.parenttoparentnys.org
(518) 381-4530 or **1-800-305-8817**

Parent Training and Information Centers
(প্যারেন্ট প্রশিক্ষণ ও তথ্য কেন্দ্র)
www.parenttip.org
স্টেটব্যাপী (NYC ব্যতীত): **(585) 546-1700**
শুধু নিউ ইয়র্ক স্টেট: **1-800-650-4967**

Starbridge
(নিউ ইয়র্ক সিটির 5 টি বারা ব্যতীত স্টেটব্যাপী)
www.starbridgeinc.org
(585) 546-1700 or **1-800-650-4967** NYS তে)

INCLUDEnyc
(নিউ ইয়র্ক সিটির 5 টি বারাতে পরিষেবা দিচ্ছে)
(আগে বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের জন্য সংস্থান ছিল)
www.includenyc.org
(212) 677-4650

Advocates for Children of New York
(Serving the 5 boroughs of New York City)
(অ্যাডভোকেটস ফর চিলড্রেন অব নিউ ইয়র্ক
(নিউ ইয়র্ক সিটির 5 টি বারাতে পরিষেবা দিচ্ছে))
www.advocatesforchildren.org
1-800-427-6033 or **(212) 947-9779**



"প্রাথমিক হস্তক্ষেপের পদক্ষেপসমূহ" চার্ট



পরিবারের উদ্বেগ



1. রেফার করা (যদি না প্যারেন্ট আপত্তি জানান)

- রেফার করার উৎস বা প্যারেন্ট সন্দেহ করেন শিশুর বিকাশগত বিলম্ব বা প্রতিবন্ধিত্ব আছে
- পরিবারকে প্রাথমিক হস্তক্ষেপ কর্মসূচি (EIP) এর উপকারিতা সম্পর্কে অবহিত করা হয়
- শনাক্তকরণের দুই দিনের মধ্যে শিশুকে প্রাথমিক হস্তক্ষেপ কর্মকর্তার (EIO) কাছে রেফার করা হয়
- EIO প্রাথমিক সেবা সমন্বয়ককে নিযুক্ত করেন

2. প্রাথমিক সেবা সমন্বয়ক

- EIP সম্পর্কে তথ্য প্রদান করেন
- পরিবারের অধিকার সম্পর্কে জানান
- মূল্যায়নকারীদের তালিকা পর্যালোচনা করেন
- বীমা/মেডিকেইড সম্পর্কে তথ্য নেন
- অন্যান্য প্রাসঙ্গিক তথ্য নেন

3. মূল্যায়ন*

- যোগ্যতা নির্ধারণ করুন
- পরিবারের মূল্যায়ন (ঐচ্ছিক)
 - ইনডিভিডুয়ালাইজড ফ্যামিলি সার্ভিস প্লান সম্পর্কে তথ্য সংগ্রহ করুন
 - IFSP এর পূর্বে জমাকৃত সারাংশ ও প্রতিবেদন

4. IFSP মিটিং*

(যদি শিশু উপযুক্ত হয়)

- পরিবার প্রত্যাশিত ফলাফলগুলি শনাক্ত করে
- প্রাথমিক হস্তক্ষেপ পরিষেবা সুনির্দিষ্ট করা হয়
- লিখিত পরিকল্পনা পরিপূর্ণ করা হয়
- পরিবার ও EIO IFSP তে সম্মত হন
- চলমান সেবা সমন্বয়ককে (OSC) চিহ্নিত করা হয়
- EIO সামাজিক নিরাপত্তা নম্বর নেন

বিকাশের ক্ষেত্র

- জ্ঞানীয়
- শারীরিক (দৃষ্টি ও শ্রবণ সহ)
- যোগাযোগ
- মনো-সামাজিক
- অভিযোজনীয় বিকাশ

প্রাথমিক হস্তক্ষেপ পরিষেবা*

- সহায়ক প্রযুক্তি ডিভাইস ও পরিষেবা
- মনস্তাত্ত্বিক সেবা
- শ্রুতিবিজ্ঞান
- অবকাশ সেবা
- পরিবারের প্রশিক্ষণ, কাউন্সেলিং, বাসায় সাফাং এবং প্যারেন্ট সাপোর্ট গ্রুপ
- সেবা সমন্বয়
- রোগ নির্ণয় বা মূল্যায়নের উদ্দেশ্যে চিকিৎসা সেবা
- সমাজ কর্ম সেবা
- নার্সিং সেবা
- বিশেষ নির্দেশনা
- পুষ্টি সেবা
- স্বাস্থ্য সেবা
- অকুপেশনাল থেরাপি
- ফিজিক্যাল থেরাপি
- স্পিচ-ল্যাঙ্গুয়েজ প্যাথলজি
- দৃষ্টি সেবা
- স্থানান্তর ও সংশ্লিষ্ট খরচ

5. IFSP পর্যালোচনা ছয় মাসে, মূল্যায়ন প্রতি বছরে

- ফলাফল, কৌশল এবং/অথবা পরিষেবা অবিরত রাখার, সংযোজন, পরিবর্তন বা কর্তন করার সিদ্ধান্ত নেওয়া হয়
- যদি পিতামাতা অনুরোধ করেন, আরও শীঘ্রই পর্যালোচনা করা যেতে পারে (যদি পিতামাতা পরিষেবা বৃদ্ধির অনুরোধ জানান, EIO সম্পূর্ণ মূল্যায়নের কথা বলতে পারেন)

6. স্থানান্তর

- IFSP তে স্থানান্তরের পরিকল্পনা অন্তর্ভুক্ত
- স্থানান্তর করা হবে:
 - শিক্ষা আইনের অনুচ্ছেদ 4410 (3-5 সিস্টেম) এর আওতাভুক্ত পরিষেবায় অথবা
 - প্রয়োজন অনুসারে অন্যান্য প্রাথমিক শৈশব পরিষেবা

*প্যারেন্ট/অভিভাবক যথাযথ প্রক্রিয়া কার্যবিধি ব্যবহার করতে পারেন।

মূল্যায়ন, IFSP, IFSP তে পরিষেবার ব্যবস্থা এবং স্থানান্তরের জন্য প্যারেন্ট/অভিভাবকের সম্মতি আবশ্যিক।

10/15

আপনার সন্তানকে যেভাবে রেফার করবেন

(তারিখ লিখুন)

(প্রাথমিক হস্তক্ষেপ কর্মকর্তার নাম লিখুন)
(রাস্তার ঠিকানা)
(শহর/স্টেট/জিপ কোড)

প্রিয় (প্রাথমিক হস্তক্ষেপ কর্মকর্তার নাম লিখুন):

আমি আমার সন্তান (সন্তানের নাম) কে Early Intervention Program এ রেফার করতে চাই। আমার সন্তানের বয়স (সন্তানের বয়স) বছর এবং তার বিকাশে সমস্যা আছে বলে মনে হচ্ছে। আমি বুঝেছি যে আমার সাথে একজন সেবা সমন্বয়ক যোগাযোগ করবেন যিনি আমাকে কর্মসূচিটি ব্যাখ্যা করবেন এবং আমাকে প্রদত্ত একটি তালিকা থেকে একজন মূল্যায়নকারীকে বেছে নিতে আমাকে সাহায্য করতে পারবেন। আমি আরও বুঝেছি যে প্রাথমিক হস্তক্ষেপের পদক্ষেপসমূহ: Early Intervention Program এ প্যারেন্টের মৌলিক নির্দেশিকা আমাকে প্রদান করা হবে।

আমার সাথে যোগাযোগ করার সবচেয়ে উত্তম সময় (দিন ও সময় লিখুন)।

বিনীত,

(আপনার স্বাক্ষর)
(নাম লিখুন)
(রাস্তার ঠিকানা)
(শহর/স্টেট/জিপ কোড)
(কাউন্টি)
(এরিয়া কোড/ফোন নম্বর)

আপনার সন্তানের কাগজপত্র পর্যালোচনা করার জন্য কীভাবে বলবেন

(তারিখ লিখুন)

(নাম লিখুন), প্রাথমিক হস্তক্ষেপ কর্মকর্তা
(রাস্তার ঠিকানা)
(শহর/স্টেট/জিপ কোড)

প্রিয় (প্রাথমিক হস্তক্ষেপ কর্মকর্তা/সেবা প্রদানকারী/সেবা সমন্বয়ক/মূল্যায়নকারী):

আমি আমার সন্তান, (সন্তানের নাম) এর রেকর্ডগুলি পর্যালোচনা করতে চাই যে (সেবা প্রদানকারীর নাম) থেকে প্রাথমিক হস্তক্ষেপ পরিষেবা গ্রহণ করেছে।

আমি বুঝেছি যে যদি আমার কোনো প্রশ্ন থাকে আমি আমার কাছে ব্যাখ্যাকৃত রেকর্ডের তথ্য পেতে পারব এবং আমার জন্য রেকর্ডগুলি পর্যালোচনা করার জন্য কাউকে নির্বাচন করতে পারব।

আমার সাথে যোগাযোগ করার সবচেয়ে উত্তম সময় (দিন ও সময় লিখুন)।

বিনীত,

(আপনার স্বাক্ষর)
(নাম লিখুন)
(রাস্তার ঠিকানা)
(শহর/স্টেট/জিপ কোড)
(কাউন্টি)
(এরিয়া কোড/ফোন নম্বর)

কীভাবে মধ্যস্থতার জন্য আবেদন করবেন

(তারিখ লিখুন)

(নাম লিখুন), প্রাথমিক হস্তক্ষেপ কর্মকর্তা
(নাম লিখুন) County Department
(রাস্তার ঠিকানা)
(শহর/স্টেট/জিপ কোড)

প্রিয় (প্রাথমিক হস্তক্ষেপ কর্মকর্তার নাম লিখুন):

আমার সেবা সমন্বয়ক এবং কাউন্টি EIO এর কাছে আমার উদ্বেগসমূহ ব্যক্ত করার পর, আমরা (আপনার সন্তানের পূর্ণ নাম লিখুন) এর জন্য প্রাথমিক হস্তক্ষেপ পরিষেবার ব্যবস্থা সম্পর্কে একাত্মতায় পৌঁছাতে পারছি না।

অতএব, আমি **মধ্যস্থতার** জন্য একটি অনুরোধ দায়ের করতে চাই।

আমরা নিম্নোক্ত বিষয়গুলিতে সম্মত হতে পারছি না:
(প্রয়োজ্য সবকটিতে টিক চিহ্ন দিন)

- Early Intervention Program এর জন্য আমার সন্তানের যোগ্যতা। আমি বুঝেছি যে অবশ্যই আমার সন্তান পরিষেবার জন্য অনুপযুক্ত হওয়ার ছয় মাসের মধ্যে মধ্যস্থতার অনুরোধ করতে হবে।
- আমার সন্তান ও পরিবারের জন্য অনুরোধকৃত প্রাথমিক হস্তক্ষেপ পরিষেবা বা মূল্যায়ন।
- কাউন্টি আমার সন্তান ও পরিবারের জন্য প্রাথমিক হস্তক্ষেপ পরিষেবা বা মূল্যায়ন প্রদান করতে অসম্মতি জানিয়েছে।
- আমার সন্তান ও পরিবারের জন্য প্রাথমিক হস্তক্ষেপ পরিষেবা বা মূল্যায়নের পরিবর্তন।

(একটি সংক্ষিপ্ত বর্ণনা লিখুন)

- কী কী প্রাথমিক হস্তক্ষেপ পরিষেবা বর্তমানে আপনার সন্তান ও পরিবারকে প্রদান করা হচ্ছে?
- আপনি যেসব ক্ষেত্রে সম্মত হতে পারছেন না সেসব ক্ষেত্রে কী বিষয়ে সম্মত হওয়া যাচ্ছে না ব্যাখ্যা করুন।
- অন্যদের পড়ার জন্য গুরুত্বপূর্ণ বলে মনে করেন এমন গুরুত্বপূর্ণ ঘটনা এবং/অথবা কাগজপত্রের অনুলিপি প্রদান করুন।
- আপনার প্রস্তাবিত সমাধান বা সমাধানগুলি জানান।

আমি বুঝেছি যে আমার অনুরোধ গ্রহণের দুই দিনের মধ্যে, EIO মধ্যস্থতার জন্য আমার অনুরোধ যথাযথ কমিউনিটি বিতর্ক সমাধান কেন্দ্রে (CDRC) লিখিতভাবে জানাবেন। EIO আমাকে ও সেবা সমন্বয়ককে একই সাথে বিজ্ঞপ্তির একটি অনুলিপি প্রদান করবেন। অনুরোধ গ্রহণের পর, CDRC আমার ও EIO এর সাথে যোগাযোগ করবে মধ্যস্থতা প্রক্রিয়া সম্পর্কে আলোচনা করার জন্য।

আমার সাথে যোগাযোগ করার সবচেয়ে উত্তম সময় (দিন ও সময় লিখুন)।

বিনীত,
(আপনার স্বাক্ষর)
(নাম লিখুন)
(রাস্তার ঠিকানা/পিও বক্স)
(শহর/স্টেট/জিপ কোড)
(কাউন্টি)
(এরিয়া কোড/ফোন নম্বর)

যেভাবে একটি নিরপেক্ষ শুনানির আবেদন করবেন

(তারিখ লিখুন)

পরিচালক, Bureau of Early Intervention
NYS Department of Health
Corning Tower Building
Room 287 Empire State Plaza
Albany, New York 12237-0660

প্রিয় পরিচালক:

আমার সেবা সমন্বয়ক এবং কাউন্সিলর প্রাথমিক হস্তক্ষেপ কর্মকর্তার কাছে আমার উদ্বেগসমূহ ব্যক্ত করার পর, আমরা আপনার সন্তানের জন্য প্রাথমিক হস্তক্ষেপ পরিষেবার ব্যবস্থা সম্পর্কে একান্ত্রায় পৌঁছাতে পারছি না। অতএব, আমি আমাদের প্রাথমিক হস্তক্ষেপ পরিষেবার ব্যবস্থা সম্পর্কে আমার সন্তানের (আপনার সন্তানের পূর্ণ নাম লিখুন) জন্য একটি **নিরপেক্ষ শুনানির** জন্য একটি অনুরোধ দায়ের করতে চাই।

আমরা নিম্নোক্ত বিষয়গুলিতে সম্মত হতে পারছি না:
(প্রযোজ্য সবকটিতে টিক চিহ্ন দিন)

- Early Intervention Program এর জন্য আমার সন্তানের যোগ্যতা। আমি বুঝেছি যে অবশ্যই আমার সন্তান পরিষেবার জন্য অনুপযুক্ত হওয়ার ছয় মাসের মধ্যে একটি নিরপেক্ষ শুনানির জন্য অনুরোধ করতে হবে।
- আমার সন্তান ও পরিবারের জন্য অনুরোধকৃত প্রাথমিক হস্তক্ষেপ পরিষেবা বা মূল্যায়ন।
- কাউন্সিলর আমার সন্তান ও পরিবারের জন্য প্রাথমিক হস্তক্ষেপ পরিষেবা বা মূল্যায়ন প্রদান করতে অসম্মতি জানিয়েছে।
- আমার সন্তান ও পরিবারের জন্য প্রাথমিক হস্তক্ষেপ পরিষেবা বা মূল্যায়নের পরিবর্তন।

(একটি সংক্ষিপ্ত বর্ণনা লিখুন)

- কী কী প্রাথমিক হস্তক্ষেপ পরিষেবা বর্তমানে আপনার সন্তান ও পরিবারকে প্রদান করা হচ্ছে?
- আপনি যেসব ক্ষেত্রে সম্মত হতে পারছেন না সেসব ক্ষেত্রে কী বিষয়ে সম্মত হওয়া যাচ্ছে না ব্যাখ্যা করুন।
- অন্যদের পড়ার জন্য গুরুত্বপূর্ণ বলে মনে করেন এমন গুরুত্বপূর্ণ ঘটনা এবং/অথবা কাগজপত্রের অনুলিপি প্রদান করুন। যদি অন্য কোনো লোক থাকেন যাদের আপনি সম্ভাব্য সাক্ষী হিসেবে মনে করেন বা যাদের কাছে প্রাসঙ্গিক তথ্য থাকতে পারে, অনুগ্রহ করে তাদের পরিচয় এবং কেন তারা গুরুত্বপূর্ণ হতে পারে তা তালিকাভুক্ত করুন।
- আপনার প্রস্তাবিত সমাধান বা সমাধানগুলি জানান।

আমি বুঝেছি যে York State Department of Health থেকে কেউ এই চিঠি পাওয়ার পর আমার সাথে যোগাযোগ করবেন।

আমার সাথে যোগাযোগ করার সবচেয়ে উত্তম সময় (দিন ও সময় লিখুন)।

বিনীত,

(আপনার স্বাক্ষর)
(নাম লিখুন)
(রাস্তার ঠিকানা/পিও বক্স)
(শহর/স্টেট/জিপ কোড)
(কাউন্সিলর)
(এরিয়া কোড/ফোন নম্বর)

একটি পদ্ধতিগত অভিযোগ যেভাবে করবেন

(তারিখ লিখুন)

পরিচালক, Bureau of Early Intervention
NYS Department of Health
Corning Tower Building
Room 287 Empire State Plaza
Albany, New York 12237-0660

প্রিয় পরিচালক:

আমি জানি যে আমি সেবা সমন্বয়ক, প্রাথমিক হস্তক্ষেপ (EI) প্রদানকারী, কাউন্টি বা স্টেটের কাছে আমার উদ্বেগসমূহ অনানুষ্ঠানিকভাবে তুলে ধরতে পারব; তবে, আমি একটি আনুষ্ঠানিক পদ্ধতিগত অভিযোগ দায়ের করতে চাই কারণ আমি মনে করি যে একজন EI প্রদানকারী এবং/অথবা কাউন্টি এবং/অথবা স্টেট Code of Federal Regulations এর Part C, Title 34 অথবা 10 New York Codes, Rules and Regulations Subpart 69-4 অথবা Public Health Law এর Article 25 এর Title II-A লঙ্ঘন করেছে।

- এই EI এর পদ্ধতিগত অভিযোগের জন্য কথিত লঙ্ঘনগুলি বর্ণনা করুন:
(সমস্যার একটি সংক্ষিপ্ত বিবরণ দিন এবং পদ্ধতিগত অভিযোগ সম্পর্কিত বিষয়গুলি অন্তর্ভুক্ত করুন। আপনি এছাড়াও আপনার পদ্ধতিগত অভিযোগ সম্পর্কিত অতিরিক্ত কাগজপত্র যুক্ত করতে পারেন।)
- যদি এই লঙ্ঘন একটি সুনির্দিষ্ট শিশু সম্পর্কে হয়:
(শিশুর নাম/জন্ম তারিখ/বাসার ঠিকানা/শিশুর বসবাসরত কাউন্টির নাম লিখুন।)
(EI সেবা প্রদানকারীর নাম, সেবা সমন্বয়কের নাম এবং শিশুকে সেবাদানকারী যেকোনো EI সংস্থার নাম লিখুন।)
(লঙ্ঘনের একটি প্রস্তাবিত সমাধান বা ফলাফল লিখুন।)

আমি বুঝি যে:

- New York State Department of Health (বিভাগ) কেবল একটি কথিত লঙ্ঘনের তদন্ত করতে পারবে যদি বিভাগ এই পত্র পাওয়ার পূর্বে এক বছরের মধ্যে এটি সংঘটিত হয়;
- যদি একটি পদ্ধতিগত অভিযোগ গ্রহণ করা হয় যেটি একটি নিরপেক্ষ শুনানি বা মধ্যস্থতার সাথে সম্পৃক্ত, তবে বিভাগ অবশ্যই উক্ত পদ্ধতিগত অভিযোগের যেকোনো অংশকে প্রত্যাখ্যান করতে পারে যেটি সমাধান করা হচ্ছে;
- যদি একটি বিষয় উত্থাপন করা হয় যেটির ব্যাপারে পূর্বে মধ্যস্থতা বা নিরপেক্ষ শুনানিতে সিদ্ধান্ত নেওয়া হয়েছে যেটির সাথে একই পক্ষগণ সম্পৃক্ত, তবে মধ্যস্থতা বা নিরপেক্ষ শুনানির সিদ্ধান্তকে আমলে নেয়া হবে;
- গ্রহণের 60 দিনের মধ্যে আমার পদ্ধতিগত অভিযোগ তদন্ত করা হবে এবং আমার কাছ থেকে সাক্ষাৎকার নেওয়া হতে পারে এবং আমি একটি লিখিত জবাব পাব;
- সময়সীমা বাড়ানো যেতে পারে যদি পদ্ধতিগত অভিযোগ সম্পর্কে বিশেষ পরিস্থিতি থাকে বা পক্ষগণ মধ্যস্থতায় সম্পৃক্ত হতে চায়; এবং
- একই সময়ে আমি এই পদ্ধতিগত অভিযোগ বিভাগকে পাঠাচ্ছি, এটি আবশ্যিক যে:
 - আমি এই পদ্ধতিগত অভিযোগ পত্রের একটি অনুলিপি প্রেরণ করব:
 - আমার সন্তানের সেবা সমন্বয়ককে যখন পদ্ধতিগত অভিযোগটি শিশু সংক্রান্ত হবে;
 - কাউন্টির প্রাথমিক হস্তক্ষেপ কর্মকর্তাকে বা প্রাথমিক হস্তক্ষেপ পরিচালককে; এবং
 - যেকোনো EI প্রদানকারীকে যারা এই পদ্ধতিগত অভিযোগের সাথে সম্পৃক্ত; অথবা
 - আমি অনুরোধ করতে পারি যে আমার প্রেরণের পরিবর্তে বিভাগ এই পদ্ধতিগত অভিযোগ পত্রটি উপরের তালিকাভুক্ত পক্ষগণকে প্রেরণ করবে।

আমার সাথে যোগাযোগ করার সবচেয়ে উত্তম সময় (দিন ও সময় লিখুন।)

বিনীত,
(আপনার স্বাক্ষর)
(নাম লিখুন)
(রাস্তার ঠিকানা/পিও বক্স)
(শহর/স্টেট/জিপ কোড)
(কাউন্টি)
(এরিয়া কোড/ফোন নম্বর)

নোটগুলি

নোটগুলি





New York State Early Intervention Program এর কর্মসূচি ও কার্যকলাপে ভর্তি বা প্রবেশ, বা চিকিৎসা বা কর্মসংস্থানের অপূর্ণতার ভিত্তিতে বৈষম্য করে না।

আপনি যদি মনে করেন *New York State Early Intervention Program* এ আপনাকে ভর্তি বা প্রবেশ বা চিকিৎসা বা কর্মসংস্থানের বিপরীতে বৈষম্য করা হচ্ছে তবে অন্যান্য সব অধিকার ও প্রতিকার ছাড়াও, আপনি যোগাযোগ করতে পারেন: *Bureau of Early Intervention, New York State Department of Health, Empire State Plaza, Corning Tower, Room 287, Albany, NY 12237-0660.*

আমাদেরকে অনুসরণ করুন:
health.ny.gov
facebook.com/nysdoh
twitter.com/healthnygov
youtube.com/nysdoh



**Department
of Health**